Hungerford Herald

Janet Manolakos – Parent Coordinator
718-447-2956 or 347-563-5280
E-mail: JManolakos@schools.nyc.gov

Richard H. Hungerford School

155 Tompkins Avenue
Staten Island, NY 10304
(718) 273-8622
Dr. Mary McInerney, Principal
Terrence Egan, Assistant Principal
Kathy Battiste, Assistant Principal
Michael Pepe, Assistant Principal
Susan Smith , Supervisor

ফেব্রুয়ারি ২০০৯

Volume 6, Issue 3

ইমেইল ঠিকানাসমূহ:
Mmciner@schools.nyc.gov
Tegan@schools.nyc.gov
Kbattiste@schools.nyc.gov
Mpepe5@schools.nyc.gov
SSmith2@schools.nyc.gov



প্রিন্সিপ্যালের চিঠি – ড. ম্যারি ম্যাকইনারনি

প্রিয় পিতামাতা এবং অভিভাবক,

আমরা এখন ২০০৯ সালের বেশ কিছুটা সময় পার হয়ে এসেছি এবং আমাদের সকল পরিবারের জন্য আমি শুভকামনা করছি এবং আশা করছি সবার জন্য বছরটি আনন্দময় হবে। ফেব্রুয়ারি মাসে আমরা আমাদের হাই স্কুলের শেষ বর্ষের শিক্ষার্থীদের নিয়ে আনন্দ করবো কেননা তারা তাদের শেষ বর্ষের আংটি শুক্রবার, ফেব্রুয়ারি ৬ তারিখে পাবে।

আমাদের মিড্‌ল্‌ স্কুল শিক্ষার্থীদের জন্য প্যারেন্ট টিচার কনফারেন্স পরিচালিত হবে আইএস ২৪ এবং আইএস ৪৩-এ। এই অনুষ্ঠানের সময় এবং তারিখ এই নিউজলেটারে দেয়া আছে।

হাঙ্গারফোর্ড স্কুলে আমরা পিতামাতা এবং অভিভাবকদের মনে করিয়ে দিতে চাই যে এনইয়াইসি ডিপার্টমেন্ট অব এডুকেশন- এর “শিক্ষণ পরিবেশ সমীক্ষা ” খুব শীঘ্রই বিতরণ করা হবে। সমীক্ষা বিতরণের দিন ঘনিয়ে আসার সাথে সাথে আমরা আমাদের সকল পরিবারের সঙ্গে যোগাযোগ করে তাদেরকে উৎসাহিত করবো যাতে তারা সময়মত সমীক্ষা শেষ করতে পারে এবং সমীক্ষার ফলে আমাদের ডিস্ট্রিক্ট ৭৫-এর কর্মসূচিও নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের সাথে আনুষ্ঠানিকভাবে রেকর্ড করা হয়। গত বছর আমাদের ৫২% পরিবার সমীক্ষায় অংশগ্রহণ করেছে এবং ২০০৯ সনে আমরা আরও বেশি অংশগ্রহণ আশা করছি।

আপনার যদি কোন প্রশ্ন বা উদ্বেগ থাকে, আপনি আমাদের প্যারেন্ট কোঅর্ডিনেটর জেনেট ম্যানোলেকোস-এর সাথে যোগাযোগ করুন যিনি সমীক্ষা কোঅর্ডিনেটর হিশেবেও কাজ করবেন।

আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটর জেনেট ম্যানোলেকোস-এর বার্তা

“শিক্ষণ পরিবেশ সমীক্ষা ” ফেব্রুয়ারির শেষ নাগাদ আপনার কাছে বাড়িতে পৌঁছুবে। পরিবেশ সচেতন হওয়ার প্রচেষ্টায়, এবং আমাদের পরিবেশের সুরক্ষায় আমরা পিতামাতাদেরকে সমীক্ষাটি অন-লাইনে নিতে উৎসাহিত করি। মার্চ এবং এপ্রিল মাসে আমরা কয়েকটি অনুষ্ঠানের আয়োজন করবো যেখানে যেসব ব্যক্তি আমাদের গ্রহের সুরক্ষায় কম্প্যুটার ব্যবহার করে এই গুরুত্বপূর্ণ সমীক্ষা পূরণে আগ্রহী তা তারা করতে পারবেন। যেভাবেই আপনি সমীক্ষা পূরণ করুন না কেন, আমাদের স্কুলের জন্য পিতামাতাদের মতামত গুরুত্বপূর্ণ যাতে আমাদের প্রশাসনের কর্মকর্তারা উপাত্তসমূহ দেখতে পারেন এবং উন্নতির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারেন।

এই গুরুত্বপূর্ণ এনভেলোপটির জন্য আপানার সন্তানের ব্যাকপ্যাকে লক্ষ রাখুন:
ফেব্রুয়ারির শেষ দিকে মার্চের প্রথম দিকে

এই সংখ্যায় যা আছে :

অনুসন্ধানী দলের সংবাদ 2
ওয়াক ফর অটিজম্‌ তথ্য 2
“হাংগারফোর্ড কথোপকথন ” চ্যাট রুম 3
অনুসন্ধানী দলের সংবাদ 2
এপিক কনফারেন্স তারিখ মনে রাখুন 2
সংস্থান 2
ফব্রুয়ারির যেদিনগুলোতে 2

উশেষ উৎসাহের বিষয়
পিটিএ নির্বাহী বোর্ড
মারিৎজা স্যাবেট
সভাপতি
সুজান পেরেল-সহ
সভাপতি
মাইকেল পোলাট্রি
যুগ্ম সহ-সভাপতি
অর্থ সংগ্রহ
পিটার চিয়াং
কোষাধ্যক্ষ
ক্যাথি স্টোন
রেকর্ডিং সেক্রেটারি
ভেরা ক্যালাহান
যোগাযোগ সেক্রেটারি

সহজে গায়ে লাগবে এমন কাপড়ের জন্য ওয়েবসাইট weberWEAR.com দেখুন

আপনি কি আপনার সন্তানের নীল কার্ড হালনাগাদ করতে চান? তাহলে আপনার পিসি কে নতুন কার্ডের জন্য ফোন করুন।

অনুসন্ধানী দলের খবর

আমাদের স্কুলের একটি শিক্ষার্থী গ্রুপের দিকে মনোনিবেশ করে আমাদের দল দ্বিতীয় বছরের মত পরীক্ষা নিরীক্ষা করছে কীভাবে আমাদের ফলাফলের উন্নতি করা যায় এবং শিক্ষার্থীর স্বাধীনতা বৃদ্ধিতে আমাদের শিক্ষা নির্দেশনার কৌশলসমূহও এই পরীক্ষা নিরীক্ষার অন্তর্ভুক্ত। গত বছর অভিনিবেশ ছিলো ১২:১:৪ জনসংখ্যায়। এই বছর আমরা পরীক্ষা করবো ১২:১:১ কর্ম গবেষণা জনসংখ্যার ওপর। আমাদের টিমের সদস্যরা হলো: লিন্ডসে মিলার, লিয়া ফেরেন্জ, ম্যাট আয়ানেলি, বেটসি্ লিঞ্চ, টেরি এগান, ক্যাথি বাতিস্ত, ম্যারি ম্যাকইনারনি এবং মাইক পেপ। মাইক আমাদের স্কুল ছাড়াও আমাদের টিমের ড্যাটা স্পেশালিস্টও ।

আপনি যখন আমাদের প্রধান সাইটে যান, অনুগ্রহ করে আমাদের বড় ড্যাটা বুলেটিন বোর্ড ছাড়াও আমাদের প্রধান অফিসের বাইরের বুলেটিন বোর্ডটি দেখুন।

আমাদের দুটো বুলেটিন বোর্ডই আমাদের স্কুলে আপনার সন্তান যেসব কাজ করে সেগুলোর নমুনা আমাদের সমগ্র কম্যুনিটির পিতামাতা, কর্মী এবং দর্শনার্থীদেরকে প্রদর্শন করে। আপনার যদি কখনও কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আমাদের প্যারেন্ট কোঅর্ডিনেটর জেনেট ম্যানোলেকোসের যেকোন দলীয় সদস্যের সাথে যোগাযোগ করুন।

২০০৯-এর ওয়াক নাও ফর অটিজম্ নিউ ইয়র্ক

জুন ১৪, ২০০৯ তারিখে সাউথ স্ট্রিট সী-পোর্টে **“হাঙ্গারফোর্ড টিম” যখন অটিজম্-এ ক্ষতিগ্রস্তদের জন্য সচেতনতা বৃদ্ধিতে একটি চমৎকার অনুষ্ঠানের আয়োজন করছে, তখন আপনি তাতে** অনুগ্রহ করে **যোগ দিন। ওয়াক নাও ফর অটিজম্ একটি পরিবার-বান্ধব অনুষ্ঠান, সুতরাং আপনি আপনার পুরো পরিবারকে সঙ্গে আনতে পারেন। সেখানে বাচ্চাদের অনেক কর্মকাণ্ড থাকবে, পরিবারের জন্য বিভিন্ন ব্যবস্থা, হালকা খাবার এবং আনন্দ উপভোগের** আয়োজন **থাকবে। এ সম্পর্কে আরও জানতে পারবেন। তারিখটি মনে রাখুন।**

“হাঙ্গারফোর্ড টক” চ্যাট রুম

এখন পিতামাতা, কর্মী সদস্যবৃন্দ, এবং কম্যুনিটির লোকজন লগ-অন করে অন্যদের জন বার্তা পাঠাতে, মতামত জানাতে এবং পরামর্শ দিতে পারবেন। অনুগ্রহ করে আমাদের সাথে যোগ দিয়ে আমাদের কথাগুলো আরও ছড়িয়ে দিন। **http://groups.yahoo.com/group/HungerfordTalk ওয়েবসাইটে** লগ করুন।

বিরাট কনফারেন্স এবং শ্রেষ্ঠ অনুশীলনের মেলা

আপনার ক্যালেন্ডারটি পি৮১১এক্স-এ শনিবার, এপ্রিল ২৫, ২০০৯ তারিখের জন্য চিহ্নিত করে রাখুন। হাঙ্গারফোর্ডের প্রধান সাইটে যাবার জন্য বাস পরিবহনের ব্যবস্থা করা হবে। সেখানে বিভিন্ন সংস্থার প্রতিনিধি হাতের কাছে থাকবেন, এছাড়া আমাদের শিক্ষার্থীদের চমৎকার কাজের প্রদর্শনীও হবে।

সংস্থান

ডিপার্টমেন্ট অব ফ্যামিলি অ্যান্ড ক্লিনিক্যাল সার্ভিসেস যেসব শিক্ষার্থী বেড়ে ওঠা প্রতিবন্ধী তাদের জন্য ফ্রি মনোবৈজ্ঞানিক এবং মনো-সামাজিক মূল্যায়ন করে থাকে। যাদের মেডিকেইড নেই এবং যারা ম্যানহ্যাটন্, কুইন্স, ব্রংক্স, ব্রুকলিন এবং স্টেটেন আইল্যান্ডে বাস করে তাদের জন্য এই ফ্রি মূল্যায়ন করা হয়। আপনি আরও তথ্যের জন্য সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত সময়ের মধ্যে **212-780-2652/2387** নম্বরে ফোন করতে পারেন।

যেসব শিক্ষার্থীর অটিজম্ ধরা পড়েছে তাদের পিতামাতারা, অনুগ্রহ করে **www.kylestreehouse.org**. এই সাইটটি দেখুন। এটি যেসব পরিবার অটিজম্ মোকাবিলা করছে তাদের জন্য একটি অন-লাইন কম্যুনিটি যার মাধ্যমে পরিবারগুলো তথ্য বিনিময় এবং একে অপরের সহায়ক হতে পারে। এই ওয়েবসাইটটিতে ২০টিরও বেশি বিভিন্ন ধরনের বিকল্প চিকিৎসার মূল তথ্য দেয়া আছে এবং তার সাথে সম্পৃক্ত ওয়েবসাইটগুলোর সাথে যোগাযোগ পাওয়া যায়। এগুলো পিতামাতাকে বিভিন্ন চিকিৎসার বিকল্পের পাশাপাশি তাদের অভিজ্ঞতা মূল্যায়ন করার সুযোগও দেয়।

ফেব্রুয়ারি মাসের বন্ধ এবং প্যারেন্ট/টিচার কনফারেন্স

ফেব্রুয়ারির ১৬ তারিখ থেকে ফেব্রুয়ারির ২০, ২০০৯ পর্যন্ত স্কুল মধ্য-শীতের অবসর উপলক্ষে বন্ধ। স্কুল খুলবে ফেব্রুয়ারি ২৩, ২০০৯ তারিখে।

আইএস ২৪-এ প্যারেন্ট-টিচার কনফারেন্স অনুষ্ঠিত হবে ফেব্রুয়ারি ২৬, ২০০৯ তারিখে। দুপুরের অধিবেশন দুপুর ১২টা থেকে দুপুর ২টা পর্যন্ত চলবে এবং সান্ধ্য অধিবেশন চলবে বিকাল সাড়ে ৫টা থেকে রাত ৮টা পর্যন্ত।